

২০২২

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্ক্রম)

দ্বিতীয় সেমেষ্টার

কোর্স কোড : BNG-H-AECC-T-1

[এ্যাবিলিটি এনহ্যাগমেন্ট কম্পালসরি কোর্স (এইসিসি)]

(বোধপরীক্ষণ, পরিভাষা, কবিতা ও ছোটগল্প)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের ১০-১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।]

১। নিচের রচনাখণ্টি পড়ে যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

$$2 \times 5 = 10$$

কথা শুনিয়া কেবল স্ত্রীলোক কেন, অনেক পুরুষও আমাকে পাগল বলিবেন। বলুন ক্ষতি নাই। নতুন কথা যে বলে, সেই পাগল বলিয়া গণ্য হয়। গ্যালিলিও বলিলেন, পৃথিবী ঘুরিতেছে। ইতালীর ভদ্র সমাজ, ধার্মিক সমাজ, বিদ্বান সমাজ শুনিয়া হাসিলেন। শুনিয়া স্থির করিলেন, গ্যালিলিওর মতিভ্রম হইয়াছে। কালের স্নেত বহিয়া গেল। ইতালীর ভদ্র সমাজ, ধার্মিক সমাজ, বিদ্বান সমাজ আর পৃথিবী ঘুরিতেছে শুনিলে হাসেন না। গ্যালিলিওকে আর মতিভ্রান্ত জ্ঞান করেন না।

সকলে সৌন্দর্য বিষয়ে স্ত্রীলোকের প্রাধান্য স্বীকার করেন। বিদ্যা, বুদ্ধি,

(পরের পাতায়)

বলে পুরুষের শ্রেষ্ঠত্ব স্বীকার পাওয়াও রূপের টীকা স্ত্রীলোকের মন্তকে দেন। আমার বিবেচনায় এটি মন্ত ভুল। আমি দিব্যচক্ষে দেখিয়াছি যে পুরুষের রূপ অপেক্ষা স্ত্রীলোকের রূপ অনেক দূর নিকৃষ্ট।

যাহার সুন্দর কেশপাশ আছে, সে আর পরচুলা ব্যবহার করে না। যাহার উজ্জ্বল ভাল দাঁত আছে, তাহার কৃত্রিম দস্তের প্রয়োজন হয় না। যাহার বর্ণ লোকের মন হরণ করে, তাহার আর রঙ মাথিয়া লাবণ্য বৃদ্ধি করিতে হয় না। যাহার চরণ আছে, তাহাকে আর কাষ্টপদ অবলম্বন করিতে হয় না। এইরূপ যাহার যে বস্ত্র আছে, সে তাহার জন্য লালায়িত হয় না। সে বুঝিতে পারে যে প্রকৃতি কোন পদার্থে তাহাকে বঢ়িত করিয়াছেন, সেই তদ্বিষয়ে আপনার অভাব মোচনার্থ যত্ন করিয়া থাকে। এই সকল দেখিয়া শুনিয়া আমি স্থির করিয়াছি যে স্ত্রীলোকের মধ্যে সৌন্দর্যের অত্যন্ত অভাব।

প্রশ্নাবলী :

- ক) সমাজে কারা পাগল বলে গণ্য হয় এবং কেন?
- খ) গ্যালিলিওকে আর মতিভ্রম বলে বিবেচনা না করার কারণ কী?
- গ) ‘পুরুষের রূপ অপেক্ষা স্ত্রীলোকের রূপ অনেক দূর নিকৃষ্ট’ — মন্তব্যটি কি যুক্তিগ্রাহ্য?
- ঘ) মানুষ কী কারণে কৃত্রিমতার জন্য লালায়িত হয়?
- ঙ) স্ত্রীলোকের মধ্যে সৌন্দর্যের অত্যন্ত অভাবের কথা বলা হয়েছে কেন?
- চ) ‘কালের স্নেত বহিয়া গেল’ — কথাটির তাংপর্য কী?
- ছ) লেখকের মতে প্রকৃত সৌন্দর্যের স্ফুরণ কী?
- জ) হাস্যরস সৃষ্টিতে লেখকের নেপুণ্যের পরিচয় দাও।

$$২। \text{ যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : } \quad ৫ \times ২ = ১০$$

- ক) মহাবিদ্যালয়ে ভর্তির সময় যে বিষয়গুলি নিয়েছিলে, তার একটি পরিবর্তন করে অন্য বিষয় নিতে চাও, এই বিষয়ে অধ্যক্ষের কাছে একটি আবেদন পত্র রচনা করো।

খ) “মুক্তি-পথের অগ্র-দুতের চরণ-বন্দনা!” — তাৎপর্য লেখো।

গ) যে কোনো পাঁচটি শব্দের পরিভাষা লেখো :

Bar Council, Convention, Justification, Inflation, Redemption, Tenure of Service, Zero Hour, Vested Interest, Notification, Duty Roster.

ঘ) “এত কথা আছে এত গন আছে
এত প্রাণ আছে মোর.”

‘কথা’, ‘গান’ ও ‘প্রাণ’-এর ধারা ‘নির্বারের স্বপ্নভঙ্গ’ কবিতায় কীভাবে প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো।

$$৩। \text{ যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : } \quad 10 \times 2 = 20$$

- ক) ‘ফাঁসি প’রে আন্ব হাসি-মৃত্যু-জয়ের ফল ।।’ — কোন্ কবিতার
অংশ? কবিতার বিষয়বস্তু আলোচনা প্রসঙ্গে পংক্তিটির তৎপর্য
ব্যাখ্যা করো ।

খ) ‘আদরিণী’ গল্পের নামকরণের সার্থকতা বুঝিয়ে দাও ।

গ) রাইচরণ চরিত্রে ভক্তি, ভালোবাসা, নীরবতা ও ত্যাগের দ্বন্দ্ব
কীভাবে প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ করো ।

ঘ) পেট্রোল ডিজেলের ক্রমাগত মূল্যবৃদ্ধি ও জনজীবনে তার
প্রভাব— এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি
প্রতিবেদন রচনা করো ।